

২৩-২৫ মার্চ 'সেমস্ গ্লোবাল' এর আয়োজনে ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে ১২তম মোটর শো, বাইক শো, কমার্শিয়াল অটোমোটিভ শো এবং অটো পার্টস শো-২০১৭

আন্তর্জাতিক আয়োজক সংস্থা সেমস্ গ্লোবাল আয়োজন করছে “১২তম ঢাকা মোটর শো-২০১৭”, “৩য় ঢাকা বাইক শো-২০১৭”, “২য় ঢাকা অটোপার্টস শো ২০১৭” এবং “ঢাকা কমার্শিয়াল অটোমোটিভ শো ২০১৭”। আগামী ২৩-২৫ মার্চ ২০১৭ তারিখে ঢাকাস্থ ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা, কুড়িলে তিন দিনব্যাপী এই আন্তর্জাতিক প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

জাপান, কোরিয়া, চীন, যুক্তরাষ্ট্র, ইতালি, ভিয়েতনাম, সৌদি আরব, ভারত ও বাংলাদেশের অটোমোটিভ, কার, বাইক ও অটো যন্ত্রাংশ শিল্পের খ্যাতনামা প্রায় ১৮০টি প্রতিষ্ঠান ৩৬০টি স্টলের এই আন্তর্জাতিক প্রদর্শনীতে আংশগ্রহণ করছে। যেখানে থাকছে ব্র্যান্ড নিউ গাড়ি, মোটর বাইক, বাস, ট্রাক, বানিজ্যিক পরিবহন, লুব্রিকেন্ট, সিএনজি রুপান্তরসহ অটো যন্ত্রাংশের বিশাল সমাহার।

বাংলাদেশে দ্রুত প্রসারমান অটোমোটিভ ও অটো-কম্পোনেন্ট খাতকে বেগবান করার লক্ষ্যে আয়োজিত এই প্রদর্শনীতে ক্রেতা, দর্শক ও উদ্যোক্তাগণ ব্র্যান্ডনিউ গাড়ি, যন্ত্রাংশ, আনুষঙ্গিক উপকরণ ও নতুন নতুন প্রযুক্তির সাথে পরিচিত হতে পারবে। প্রদর্শনীটি মোটর ইন্ডাস্ট্রির জন্য একটি ওয়ান স্টপ প্লাটফর্ম হিসেবে কাজ করবে যা বাংলাদেশে অটোমোটিভ, বাইক ও অটো যন্ত্রাংশ শিল্পের বাজার সম্প্রসারণে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম।

উল্লেখ্য যে, সেমস্ গ্লোবাল ১৯৯২ সালে প্রতিষ্ঠার পর থেকে বিগত ২৫ বছরেরও বেশি সময় ধরে দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ায় বহুজাতিক প্রদর্শনীর আয়োজক প্রতিষ্ঠান হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বর্তমানে সংস্থাটি বিশ্বের ৮টি দেশে সেমস্ ইউএসএ, সেমস্ চায়না, সেমস্ ইন্ডিয়া, সেমস্ বাংলাদেশ, সেমস্ শ্রীলংকা, সেমস্ গ্লোবাল এশিয়া প্যাসিফিক সিঙ্গাপুর, সেমস্ ইন্দোনেশিয়া এবং সেমস্ ব্রাজিল নামে নিজস্ব অফিস পরিচালনা করছে; পাশাপাশি আরো ১০টি দেশে এ্যাসোসিয়েট শাখার মাধ্যমে বছরে ৪০টিরও বেশি আন্তর্জাতিক প্রদর্শনী আয়োজন করছে।

উক্ত প্রদর্শনীর ব্রডকাস্ট পার্টনার- ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশন; মিডিয়া পার্টনার- দ্যা ডেইলি স্টার, দৈনিক সমকাল, রেডিও পার্টনার- স্পাইস এফএম; অনলাইন স্পন্সর- বিক্রয়.কম; অটোমোটিভ ব্লগিং পার্টনার- অটো রিবেলিয়ন; আইটি পার্টনার- আমার টেক এবং ক্রিয়েটিভ পার্টনার- মার্কেট এজ।

“৩য় ঢাকা বাইক শো-২০১৭”-এর প্লাটিনাম স্পন্সর সুজুকি; অনলাইন পার্টনার- বাইক বিডি এবং কমিউনিটি পার্টনার- বিডি মোটরসাইকেলিস্ট।

প্রদর্শনীগুলো প্রতিদিন সকাল ১০.৩০ থেকে সন্ধ্যা ৮.৩০ পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত থাকবে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন www.cemsonline.com